



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং নসক/১৭

তারিখঃ- ১৫/০৪/২০১৭ ইং

২০১৪-১৫ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৪/২০১৭ ইং তারিখ থেকে ০২/০৫/২০১৭ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত যোগ্যতা ও বিষয় অনুসরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট ([www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions))এ প্রবেশ করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আবেদন ফরম পূরণ পূর্বক প্রিন্ট কপিসহ প্রয়োজনীয় কাগজ পত্র **পরীক্ষা শাখায় যাচাই করে আবেদন ফরমের প্রিন্টকপি ০১ টি ফটোকপি পরীক্ষা শাখায়** এবং কলেজের ক্যাশ শাখায় নির্ধারিত ফিসহ আবেদন ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

১। রেজিস্ট্রেশনের জন্য আবেদন করার যোগ্যতা :

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের হতে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় নূন্যতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীর ২০১৪-১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০৪ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত ০১ বছর মেয়াদী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- (গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণও উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- (ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

২। প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত বিষয় : বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান।

- \* বিষয় নির্বাচনের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে পঠিতব্য বিষয়েই রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।
- \* প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিয়মিত শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পাঠ্যসূচী অনুসরণ করে করতে হবে।

৩। প্রয়োজনীয় শর্তাবলী :

- (ক) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/ কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেওয়া হবে না।
- (খ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।
- (গ) আবেদনকারী প্রার্থীকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।
- (ঘ) কোন প্রার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তি জনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতীহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

৪। প্রয়োজনীয় নিম্নলিখিত কাগজপত্র যা আবেদন পত্রের প্রিন্ট কপির সাথে ০১ সেট এবং আবেদন পত্রের ফটোকপির সাথে ০১ সেট সংযুক্ত করে জমা দিতে হবে :

- ক) এস.এস.সি / সমমান, এইচ.এস.সি/সমমান, ডিগ্রী /সমমান পাশের সনদপত্রের ফটোকপি প্রতিটির ২ কপি করে।
- খ) স্নাতক (সম্মান), স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব পাশের নম্বর/সনদপত্র ও রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি প্রতিটির ২ কপি করে।
- গ) ১ম শ্রেণির প্রোজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র
- ঘ) প্রতিরক্ষা বাহিনীকে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেওয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।
- ঙ) প্রিন্টকৃত আবেদন কপি যাচাই করার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৫। প্রয়োজনীয় ফি :

ক্রঃ নং	ফি সমূহের বিবরণ	টাকা
০১	আবেদন ফি	৩০০/-
০২	রেজিস্ট্রেশন ফি	৮০০/-
০৩	ব্যবস্থাপনা	১০০/-
সর্বমোট=		১২০০/-

বি. দ্র. প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ